গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

www.probashi.gov.bd

# জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা মালয়েশিয়া গমনেচ্ছু অভিবাসী কর্মীগণকে জানানো যাচ্ছে যে, বর্তমান কোটার আওতায় মালয়েশিয়ান সরকার বাংলাদেশসহ ১৪টি কর্মী প্রেরণকারী দেশ হতে আগামী ৩১ মে ২০২৪ এর মধ্যে মালয়েশিয়ায় প্রবেশের বাধ্যবাধকতা আরোপ করেছে। এমতাবস্থায়, মালয়েশিয়ায় গমনেচ্ছু অভিবাসী কর্মীদেরকে মালয়েশিয়া সরকার কর্তৃক প্রদত্ত E-VISA, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)-এর বহির্গমন ছাড়পত্র এবং এয়ারলাইন্সের ভ্রমণ টিকেটসহ যাবতীয় ডকুমেন্টের সঠিকতা যাচাই-বাছাইপূর্বক মালয়েশিয়ায় যাওয়ার প্রস্তুতি গ্রহণের অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য, সরকার কর্তৃক মালয়েশিয়ার ক্ষেত্রে নির্ধারিত সর্বোচ্চ অভিবাসন ব্যয় ৭৮,৯৯০/- (আটাত্তর হাজার নয়শত নব্বই) টাকা। এর অতিরিক্ত অর্থ লেনদেন না করার এবং কোন উপযুক্ত ডকুমেন্ট/রশিদ বা ব্যাংক হিসাব ব্যতিত অন্য কোনোভাবে উক্ত লেনদেন না করার জন্যও অনুরোধ করা হলো।

পরবর্তীতে মালয়েশিয়ান সরকার কর্তৃক সময় বৃদ্ধি বা নতুন কোটা প্রদান করা হলে তা যথাযথভাবে অবহিত করা হবে।

জনস্বার্থে **প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়**